

AMARC  
WIN

WOMEN'S INTERNATIONAL NETWORK  
RÉSEAU INTERNATIONAL DE FEMMES  
RED INTERNACIONAL DE MUJERES



# কমিউনিটি রেডিও স্টেশন পরিচালনায় জেন্ডার নীতিমালা



## Gender Policy for Community Radio Stations



Bangladesh NGOs Network for  
Radio and Communication

কমিউনিটি রেডিও স্টেশন পরিচালনায় জেডার নীতিমালা

Gender Policy for Community Radio Stations

ওয়ার্ল্ড এ্যাসোসিয়েশন অফ কমিউনিটি রেডিও ব্রডকাস্টার্স (এ্যামার্ক)  
উইমেন ইন্টারন্যাশনাল নেটওয়ার্ক- এশিয়া প্যাসিফিক  
<http://asiapacific.amarc.org>  
আইএসআইএস ইন্টারন্যাশনাল- ম্যানিলা  
[www.isiswomen.org](http://www.isiswomen.org)

বাংলা অনুবাদ  
এএইচএম আব্দুল হাই

পৃষ্ঠাবিন্যাস  
বরকত উল-হ মারুফ

প্রকাশকাল  
অক্টোবর ২০০৮

বাংলাদেশ এনজিওস নেটওয়ার্ক ফর রেডিও এ্যান্ড কমিউনিকেশন  
বাড়ি ১৩/১, সড়ক ২, শ্যামলী, ঢাকা ১২০৭  
ফোন: +৮৮ ০২ ৯১৩০৭৫০, ৯১৩৮৫০১, ফ্যাক্স: +৮৮ ০২ ৯১৩৮৫০১-১০৫  
ইমেইল: [ceo@bnrc.net](mailto:ceo@bnrc.net)  
ওয়েব: [www.bnrc.net](http://www.bnrc.net)

## পূর্বকথা

ওয়ার্ল্ড এ্যাসোসিয়েশন অফ কমিউনিটি ব্রডকাস্টার্স (এ্যামার্ক) - উইমেন ইন্টারন্যাশনাল নেটওয়ার্ক (উইন) এশিয়া প্যাসিফিক কর্তৃক ৮ মার্চ ২০০৮ তারিখে প্রণীত কমিউনিটি রেডিও স্টেশন পরিচালনায় জেভার নীতিমালা শীর্ষক প্রকাশনাটি বাংলাদেশ এনজিওস নেটওয়ার্ক ফর রেডিও এ্যান্ড কমিউনিকেশন (বিএনএনআরসি) বাংলায় প্রকাশ করতে যাচ্ছে জেনে আমরা আনন্দিত।

যেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সম্প্রতি কমিউনিটি রেডিও স্থাপন, সম্প্রচার এবং পরিচালনা নীতিমালা ২০০৮ প্রণয়ন করেছে এবং আত্মহী উন্নয়ন সংস্থাসমূহ শীঘ্রই কমিউনিটি রেডিও স্থাপন করতে যাচ্ছে, জেভার নীতিমালা বিষয়ক এ বাংলা প্রকাশনাটি বাংলাদেশে কমিউনিটি রেডিও স্টেশনসমূহে নারী-পুরুষ সমতা এবং ক্ষমতায়ন নিশ্চিত করতে সময়োপযোগী অবদান রাখবে।

এ্যামার্ক-উইন এশিয়া প্যাসিফিক এবং আইএসআইএস ইন্টারন্যাশনাল পরিচালিত জরীপের মাধ্যমে প্রণীত এ প্রস্তাবিত জেভার নীতিমালাটিতে কমিউনিটি রেডিওতে নারীদের অংশগ্রহণের গুরুত্বপূর্ণ প্রকৃতির ওপর জোর দেয়া হয়েছে। এ্যামার্ক-উইন এশিয়া প্যাসিফিক জরীপে দেখা গেছে, স্টেশনসমূহের স্টাফ ও শেচ্ছাসেবীদের শতকরা ৪৫ জন নারী কিন্তু তাদের মাত্র ২৮ শতাংশ নেতৃত্বের অবস্থানে রয়েছে এবং মাত্র ৩০ শতাংশ কারিগরি কাজ করে। তারা যেসব উদ্বেগের কথা প্রকাশ করেছে তার মধ্যে রয়েছে কারিগরি দক্ষতার অভাব, নিরাপত্তাহীনতা এবং সহিংসতা, তাদের দৃষ্টিভঙ্গি তুলে ধরার এবং সিদ্ধান্ত গ্রহণের সীমিত সুযোগ। তারা পুরুষ-নিয়ন্ত্রিত রেডিও কাঠামোর ব্যাপারে অভিযোগ করেন যা নারীদের অংশগ্রহণে বাধা সৃষ্টি করে এবং ভীতিপ্রদর্শন করে।

জরীপে অংশগ্রহণকারীরা নারীদের নেতৃত্ব, ব্যবস্থাপনা এবং আর্থিক ব্যবস্থাপনায় অধিকতর প্রবেশগম্যতার আহ্বান জানান। তারা অনুষ্ঠানের আধেয় বা বিষয়বস্তুতে এবং প্রয়োজনার বিভিন্ন পর্যায়ে নারীদের অংশগ্রহণে পরিবর্তনের সুপারিশ করেন।

নীতিমালাটির সুপারিশসমূহের মধ্যে রয়েছে নারীদের জন্যে প্রশিক্ষণ, যৌন-হয়রানী বিরোধী একটি নীতিমালা প্রণয়ন, নারী নেতৃত্ব এবং প্রতিনিধিত্বের জন্যে কমপক্ষে ৩০ শতাংশ কোটা সংরক্ষণ এবং নারীদের জন্যে বিশেষ রেডিও অনুষ্ঠান। নীতিমালাটিতে শিশু-পরিচর্যার জন্যে জায়গা বরাদ্দকরণ, নমনীয় কার্যকাল, নারীদের জন্যে সুবিধাজনক সম্প্রচার সূচী, স্টেশনে যথেষ্ট আলো ও নিরাপত্তা ব্যবস্থা এবং যেসব নারী কর্মী স্টেশন থেকে দূরে অবস্থান করে তাদের জন্যে যানবাহনের ব্যবস্থা করার মতো আরও কিছু বাস্তব পদক্ষেপের সুপারিশ করা হয়েছে।

আমরা বাংলাদেশে তৃণমূল পর্যায় পর্যন্ত কমিউনিটি সম্প্রচারের সর্বস্তরে নারী-পুরুষ সমতা নিশ্চিত করতে এ জেভার নীতিমালাটি গ্রহণ করতে বাংলাদেশের সকল রেডিও স্টেশন কর্তৃপক্ষকে আহ্বান জানাই এবং এ্যামার্ক-উইন এশিয়া প্যাসিফিক এর নতুন সদস্য হিসেবে স্বাগত জানাই। কমিউনিটি রেডিওর মাধ্যমে শক্তিশালী নারীকণ্ঠ জাগরণের প্রত্যাশায়,

বিয়াংকা মিজিওরেটো  
প্রতিনিধি

ওয়ার্ল্ড এ্যাসোসিয়েশন অফ কমিউনিটি রেডিও ব্রডকাস্টার্স (এ্যামার্ক)- উইমেন  
ইন্টারন্যাশনাল নেটওয়ার্ক এশিয়া প্যাসিফিক  
কমিউনিটি রেডিও কর্মকর্তা, আইএসআইএস ইন্টারন্যাশনাল - ম্যানিলা

## Foreword

We are pleased to know that Bangladesh NGOs Network for Radio and Communication (BNNRC) is going to publish the Bangla version of the **Gender Policy for Community Radio Stations** produced by World Association of Community Broadcasters (AMARC) - Women's International Network (WIN) Asia Pacific on March 8 2008.

As the Government of the People's Republic of Bangladesh has recently formulated the Community Radio Installation, Broadcast and Operation Policy-2008 and enthusiast development organizations are going to set up community radio stations soon in Bangladesh, the Bangla version of this gender policy will be timely contribution to ensure gender equality and empowerment within and through community radio stations in the country.

Informed by a survey conducted by AMARC-WIN Asia-Pacific and Isis International, the proposed gender policy reinforces the crucial nature of women's participation in community radio. Based on AMARC-WIN Asia Pacific survey, 45 per cent of staff and volunteers are women but only 28 per cent of them are in leadership positions and only 30 per cent performing technical tasks. Among the concerns that they cited were: lack of technical skills; security and violence; less chances to present their view points; and less access to decision-making. They complained of the male-dominated radio set-up that intimidates women and hinders their participation.

The respondents called for greater access to leadership, management and finances. They also recommended changes in the program contents and participation in the various stages of production.

Among the recommendations of the policy include training for women; creation of an anti-sexual harassment policy; a quota of at least 30 per cent for women's leadership and representation; and special radio program for women. The policy also suggested more practical measures such as space allotment for child-care; flexible working hours; women-friendly broadcast schedules; adequate lighting and security at the station; and transportation arrangements for women who live in remote areas.

We would like to encourage all radio stations in Bangladesh to adopt the gender policy to ensure gender equity in the community broadcasting sector up to the grassroots level in Bangladesh and we would be happy to welcome you as new members of AMARC-WIN Asia Pacific. For powerful women's voices through community Radio,

Bianca Miglioretto  
Representative

World Association of Community Radio Broadcasters (AMARC)  
Women International Network (WIN) Asia and Pacific  
<http://asiapacific.amarc.org>  
Community Radio Officer, Isis International-Manila.

## বাংলা সংস্করণের ভূমিকা

বিশ্বের অন্যান্য অঞ্চলের সাথে সাড়া দিয়ে দক্ষিণ এশিয়ার দেশগুলোতে কমিউনিটি রেডিও অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। সম্প্রতি বাংলাদেশ সরকারের তথ্য মন্ত্রণালয় কর্তৃক প্রণীত হয়েছে কমিউনিটি রেডিও স্থাপন, সম্প্রচার ও পরিচালনা নীতিমালা ২০০৮ - এজেন্সি আমরা সরকারকে ধন্যবাদ জানাচ্ছি।

আপনারা জানেন, বাংলাদেশ এনজিওস নেটওয়ার্ক ফর রেডিও এ্যান্ড কমিউনিকেশন (বিএনএনআরসি) প্রতিষ্ঠালগ্ন থেকেই বাংলাদেশে কমিউনিটি রেডিও চালু করার জন্যে অপরাপর সংগঠনগুলোকে নিয়ে সরকারের সাথে অধিপারামর্শ করে আসছে।

বাংলাদেশে এখনও দরিদ্র মানুষের জন্যে রাষ্ট্র হলো সুদূর একটি সত্তা। যেখানে পৌছানো কষ্টসাধ্য এবং আরো কঠিন হলো মত বিনিময় করা। একইভাবে দরিদ্র জনগোষ্ঠীর কথা তাদের নিজেদের সমাজের মানুষেরাও শোনে না। এসব ক্ষেত্রে কমিউনিটি রেডিওর প্রসার, শক্তিশালীকরণ ও সম্প্রসারণ দারিদ্র বিমোচনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে দরিদ্র মানুষের নাগালের মধ্যে তথ্যের সহজলভ্যতা সৃষ্টি করে।

সহস্রাব্দের উন্নয়ন লক্ষ্যাবলী অর্থাৎ এমডিজি'র ৩নং লক্ষ্য হচ্ছে জেভার সমতা ও নারীর ক্ষমতায়ন। এক্ষেত্রে তথ্য ও যোগাযোগ প্রযুক্তিতে মালিকানা এবং এগুলোতে প্রবেশাধিকার একটি উদাহরণ হিসেবে নিলে এ কথা অত্যন্ত সুস্পষ্ট যে বাংলাদেশে প্রযুক্তি ব্যবহারের ক্ষেত্রে জেভার বৈষম্য ব্যাপক।

সম্প্রচারের ক্ষেত্রে জেভার বৈষম্য আরো ভয়াবহ। এসব ক্ষেত্রে যেহেতু কমিউনিটি রেডিও বর্তমানে চালু হতে যাচ্ছে সেহেতু প্রথম থেকেই জেভার বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করলে অন্তত কমিউনিটি রেডিও পরিচালনায় প্রশাসনিক, ব্যবস্থাপনা, অনুষ্ঠান ও আর্থিক পরিকল্পনায় জেভার সমতা নিশ্চিত করা সম্ভব।

বর্তমান ওয়ার্ল্ড এ্যাসোসিয়েশন অফ কমিউনিটি রেডিও ব্রডকাস্টার্স (এ্যামার্ক) - উইমেন ইন্টারন্যাশনাল নেটওয়ার্ক এশিয়া প্যাসিফিক কর্তৃক প্রণীত কমিউনিটি রেডিও স্টেশন পরিচালনায় জেভার নীতিমালাটি বাংলা ভাষায় অনুবাদ করে প্রকাশ করার অন্যতম লক্ষ্য হলো সম্প্রচারের সকল ক্ষেত্রে জেভার বৈষম্য দূরীকরণে সরকারি, বেসরকারি পর্যায়ে ও উদ্যোক্তাদের মাঝে ব্যাপকভাবে সচেতনতা সৃষ্টি করা।

আমরা আশা করি কমিউনিটি রেডিও উদ্যোক্তাগণ কমিউনিটি রেডিও স্টেশন পরিচালনায় জেভার নীতিমালায় নির্দেশিত বিষয়াবলী অনুসরণ করবেন এবং বাংলাদেশে সম্প্রচার ব্যবস্থায় জেভার সমতা আনয়নে বিশেষ অবদান রাখবেন। কমিউনিটি রেডিও হোক বঞ্চিত জনগোষ্ঠীর উন্নয়নের অন্যতম হাতিয়ার।

এএইচএম বজলুর রহমান

প্রধান নির্বাহী কর্মকর্তা

বাংলাদেশ এনজিওস নেটওয়ার্ক ফর রেডিও এ্যান্ড কমিউনিকেশন

ও

সদস্য, স্ট্র্যাটেজি কাউন্সিল

জাতিসংঘ গে-বাল এলায়েন্স ফর আইসিটি এন্ড ডেভেলপমেন্ট (ইউএন-গেইড)

## Preface to Bangla Translation

Community Radio is playing very significant role in the countries of South Asia responding to other regions of the world. Recently Information Ministry of the People's Republic of Bangladesh formulated Community Radio Installation, Broadcast and Operation Policy 2008 and we would thank the Government for this policy.

Bangladesh NGOs Network for Radio and Communication (BNNRC), you know, is promoting the advocacy with the government in relation to community radio with other organizations since its emergence.

State is still a sweeping entity to the poor people in Bangladesh, where to reach is tiresome and dialogue is beyond imagination. At the same time, even their own community neglects the voice of the poor people. In this circumstance, promoting, empowering and extension of community radio can play significant role in alleviating poverty through creating easy access of the poor to the information highway.

The third goal of the Millennium Development Goals (MDGs) is gender equity and women empowerment. Considering the ownership and access to the Information and Communication Technology (ICT) as an instance, it appears transparent that gender discrimination in technological use is extensively wide in Bangladesh.

Gender discrimination is much wider in broadcasting sector. As community radio is going to run in the country, if the gender issue is considered with much emphasis since the beginning, it will be possible to ensure gender equality at least in the administration, management, program and financial planning of community radio operation.

One of the objectives of publishing the very Gender Policy in Community Radio Stations prepared by World Association of Community Radio Broadcasters (AMARC) - Women International Network (WIN) Asia Pacific in Bangla is to create massive awareness of the government, non-government and development initiators on eliminating gender discrimination in community radio stations.

We hope the community radio initiators will follow the instruction stated in the Gender Policy in Community Radio Stations and play marking role in ensuring gender equity in the broadcast sector in Bangladesh. Be Community Radio one of the development tools for the voiceless.

AHM Bazlur Rahman

Chief Executive Officer

Bangladesh NGOs Network for Radio and Communication and

Member, Strategy Council

United Nations Global Alliance for ICT Development (UN-GAID)

# কমিউনিটি রেডিও স্টেশন পরিচালনায় জেডার নীতিমালা

## ভূমিকা

সারাবিশ্বে আন্তর্জাতিক সকল সংস্থায়, জাতীয় সংবিধানে এবং সমাজে নারী সমতা এবং মানব অঙ্গনের প্রত্যেক ক্ষেত্রে নারীর গুরুত্বপূর্ণ ভূমিকা স্বীকৃতি পেয়েছে।

সর্বজনীন মানবাধিকার ঘোষণাপত্রে জেডার, সেক্স, ধর্ম, বর্ণ নির্বিশেষে সকল মানুষের অধিকার স্বীকৃত হয়েছে। তদুপরি, সরকারসমূহ নারী অধিকারকে স্বীকৃতি দিয়েছে নারীর প্রতি সব ধরনের বৈষম্য বিলোপ সনদ (সিডও) এর মাধ্যমে। এ সনদের আওতায় রট্রিসমূহ ক) সমতা নীতি খ) বৈষম্যহীনতার নীতি এবং গ) রট্রিয় দায়বদ্ধতার নীতি এ তিন নীতি বাস্তবায়নে সুনির্দিষ্ট কর্মসূচী গ্রহণ ও বাস্তবায়নে ব্যাধ।

নারী সমতা বৃদ্ধিতে গণমাধ্যমের ভূমিকা গুরুত্বপূর্ণ। ১৯৯৫ সালে ঐকমত্যের ভিত্তিতে গৃহীত বেইজিং নারী প-াটফরম এর সেকশন জে'তে এটা স্বীকার করা হয়েছে। গণমাধ্যমে নারীদের সক্রিয় সম্পৃক্ততার প্রতি দৃষ্টি আকর্ষণ করা হয়েছে এ সেকশনে, কিন্তু সব ধরনের গণমাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় তাদের অনুপস্থিতি রয়ে গেছে। এটা আরও গুরুত্ব দেয় সংস্কারের প্রয়োজনীয়তার উপর এবং প্রশিক্ষণ, গবেষণা ও নারী উন্নয়নের মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় তাদের অংশগ্রহণ বাড়াতে সরকারের দায়িত্বের উপর। এছাড়া এটা গণমাধ্যম পেশাজীবীদেরকেও দায়িত্ব দেয় দু'টি নির্ধারিত কৌশলগত লক্ষ্য পূরণে সহযোগিতা করতে- একটি হচ্ছে গণমাধ্যম ও যোগাযোগের নতুন প্রযুক্তির মধ্যে এবং মাধ্যমে নারীদের মতপ্রকাশ ও সিদ্ধান্তগ্রহণ প্রক্রিয়ায় অংশগ্রহণ এবং প্রবেশাধিকার বাড়ানো এবং অপরটি হচ্ছে গণমাধ্যমে নারীর একটি ভারসাম্যপূর্ণ ও নন-স্টেরোটাইপড (গৎবাঁধা নয় এমন) চিত্র তুলে ধরতে সাহায্য করা। এ লক্ষ্যগুলো অর্জনে কমিউনিটি রেডিও একদম সামনে থাকা উচিত।

# Gender Policy for Community Radio Stations

## Preamble

Women's equality and the important role of women in every field of human endeavour has been acknowledged through international instruments, national constitutions and by societies across the globe.

The rights of all people, regardless of gender, sexuality, race, religion, has been acknowledged under the Universal Declaration of Human Rights. Further, governments have acknowledged the rights of women under the Convention for the Elimination of all forms of Discrimination against Women (CEDAW). Under this Convention, Governments are obliged to implement concrete programs to put into practice three main principles, the principle of equality, the principle of nondiscrimination and the principle of State obligation.

The role of the media in promoting the equality of women is vital. It is recognised in Section J of the Beijing Platform for Women, adopted by consensus in 1995. This section draws attention to the active involvement of women in the media, but their general absence from decision-making positions in all forms of media. It also points to the urgent need for reform and puts on obligation on States to undertake steps such as training, research and promotion of women into positions of decision making power. It also points an obligation onto media practitioners to help achieve the two outlined strategic objectives to increase the participation and access of women to expression and decision making in and through the media and new technologies of communication; and to promote a balanced and non-stereotyped portrayal of women in the media. Community radio should be at the forefront of achieving these objectives. The advent of the Internet and

ইন্টারনেটের আগমন এবং অনলাইন যোগাযোগ ব্যবস্থা নারীদের একটি ন্যায়সঙ্গত অবস্থানে থেকে নেটওয়ার্ক তৈরি ও যোগাযোগের সুযোগ করে দিয়েছে। যাহোক, উন্নয়নশীল দেশসমূহে বসবাসরত অধিকাংশ নারীই সকল ধরনের প্রযুক্তিতে খুবই সামান্য প্রবেশাধিকার পেয়ে থাকে। উন্নয়নশীল দেশসমূহের নারীদের চাহিদা এবং উন্নত দেশসমূহের প্রযুক্তিতে তাদের সীমিত প্রবেশাধিকার এর বিষয়টি শুধুমাত্র কমিউনিটি রেডিও পেশাজীবীদের দৃষ্টিতে আনলেই চলবে না বরং তা স্থানীয় সরকার থেকে আন্তর্জাতিক সংস্থাসমূহ পর্যন্ত সমাজের প্রত্যেক স্তরের নীতি-নির্ধারকদের দৃষ্টি দিতে হবে। দুর্ভাগ্যবশত, সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়া নারীর অনলাইন চাহিদাকে ভীষণভাবে উপেক্ষা করেছে, যার ফলে পুরুষ দ্বারা তৈরি এবং পুরুষ অনুকূল এমন এক পরিবেশ গড়ে উঠেছে যা নারী-পুরুষের তথ্য ব্যবধান, নারীর নেতিবাচক উপস্থাপনা, প্রকাশ্য বাণিজ্যিকীকরণ বিশেষ করে বিজ্ঞাপনসমূহে এবং নারীকে যৌনআবেদনময়ী করে উপস্থাপন আরও বাড়িয়ে দিয়েছে। নীতি নির্ধারনী সভায় এই সুনির্দিষ্ট উদ্বেগের বিষয়গুলো অন্তর্ভুক্ত করতে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারে নারীদের ভূমিকা বৃদ্ধিতে এবং এই রাজনৈতিক বৈষম্য দূরীকরণে কমিউনিটি রেডিও সহায়ক ভূমিকা পালন করতে পারে।

শান্তি বিধান, দ্বন্দ্ব প্রতিরোধ এবং নিরসনে নারীর ভূমিকা জাতিসংঘ নিরাপত্তা পরিষদের ১৩২৫ নম্বর কার্যবিবরণীর দ্বারা আন্তর্জাতিকভাবে স্বীকৃত। সংঘাতময় পরিস্থিতিতে নারীর শান্তি প্রক্রিয়া এবং সুনির্দিষ্ট প্রয়োজনে নারীর কথা শোনানোর সুযোগ করে দিতে এবং নারীর দৃশ্যমানতা নিশ্চিত করতে কমিউনিটি রেডিওর দায়িত্ব রয়েছে।

কমিউনিটি রেডিও'র দায়িত্ব রয়েছে বৈষম্য দূরীকরণে, সকল পর্যায়ের কর্মসূচী প্রণয়ন ও সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় নারীদের অংশগ্রহণ সহজতর করতে, নারীদের কণ্ঠ ও বিষয়সমূহ যেন প্রতিদিনের সংবাদসূচীর অন্তর্ভুক্ত হয় তা নিশ্চিত করতে, সমাজের সক্রিয় সদস্য হিসেবে নারীদের ইতিবাচক প্রতিচ্ছবি ফুটিয়ে তুলতে এবং নারীরা যেন প্রযুক্তিগত দক্ষতা এবং আত্মবিশ্বাস অর্জনের মাধ্যমে তাদের নিজেদের যোগাযোগ ব্যবস্থা নিয়ন্ত্রণ করতে পারে সে ব্যাপারে নারীদের সহায়তা করা। কমিউনিটি রেডিও একটি প্রগতিশীল সামাজিক আন্দোলনের অংশ এবং এ ধরনের স্টেশনসমূহের উচিত অপরাপর প্রগতিশীল নারী আন্দোলনসমূহের সাথে বন্ধন স্থাপন করা

online communications provides opportunities for women to network and communicate on an equitable footing. The majority of women, however, live in developing nations, where their access to all forms of technology is severely limited. The needs of women in developing countries, and those limited in their access to technology in developed countries, need to be taken into account not only by community radio practitioners, but also by policymakers at every level of society, from local government to international governing bodies. Unfortunately, policy-making has largely ignored women's needs online, leading to an environment that has been largely designed by and for men, and which worsens both the information gap between men and women and the negative portrayals and overt commercialisation and sexualisation of the female body. Community radio can play a role in helping to bring these specific concerns to the policy table, and in promoting the role of women in both the use of information and communication technologies, and in redressing this political imbalance.

Internationally, the role of women in preventing and resolving conflict and in peace-building has been recognised through United Nations Security Council resolution 1325. Community radio has the responsibility to help ensure women's visibility and participation in these situations, providing spaces for women's voices to be heard in the peacebuilding process and address women's and girls' specific needs in conflict situations. Community radio has an obligation to redress the imbalance and to facilitate women's involvement at all levels of decision-making and programming, to ensure that women's voices and concerns are part of the daily news agenda, that women are portrayed positively as active members of society and to help women have the technical skills and confidence to control the ways that they communicate. Stations also have an obligation to implement and enforce an ethical policy that includes respect for women and equality as one of its cornerstones. This Gender Policy for Community Radio will serve as a tool to implement

এবং তা সুদৃঢ় করা। স্টেশনসমূহের আরও দায়িত্ব রয়েছে এমন একটি নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন করা যা নারীর প্রতি সম্মান এবং সমতাকে এর মূলভিত্তি হিসেবে বিবেচনা করে। কমিউনিটি রেডিও'র জন্যে জেডার বিষয়ক এ নীতিমালা স্টেশনসমূহে জেডার সমতা বাস্তবায়নে একটি উপকরণ হিসেবে কাজ করবে। এটা স্টেশনের গঠনতন্ত্র ও নীতিমালার অন্তর্ভুক্ত হওয়া উচিত।

### অনুচ্ছেদ ১ঃ বেতারতরঙ্গে নারীদের প্রবেশাধিকার

বেতারতরঙ্গে নারীদের প্রবেশাধিকার থাকা উচিত যাতে করে তারা রাজনৈতিক, সামাজিক, অর্থনৈতিক, সাংস্কৃতিক ও বিনোদনমূলক নিজস্ব অনুষ্ঠান এবং নারী বিষয়ক অনুষ্ঠান তৈরী করতে পারে।

এটার জন্যে নারীদের প্রশিক্ষণের জন্যে, অনুষ্ঠান প্রয়োজনায় নারীদের জায়গা করে দিতে এবং স্টেশনের ভিতরে ও বাইরে নারীদের কাজের জন্যে নিরাপদ ও সহায়ক পরিবেশ তৈরীতে ইতিবাচক মনোভাব থাকা প্রয়োজন। যে কোন ধরনের যৌন হয়রানি থেকে রক্ষা করতে যৌন-উৎপীড়ন বিরোধী নীতিমালা এবং অভিযোগ উত্থাপন ব্যবস্থা এর মধ্যে অন্তর্ভুক্ত থাকতে হবে। নির্ভয়ে কাজ করতে পারা নারীর অধিকার তাই আত্মরক্ষা ও নিরাপত্তার জন্যে নারীদের উপযুক্ত প্রশিক্ষণ, নারী নির্ধাতনের ক্ষেত্রে শূন্যমাত্রায় সহনশীলতা (Zero Tolerance), স্টেশনের ভেতরে ও বাইরে থেকে আসা সবধরনের হুমকি যেন নারীরা মোকাবেলা করতে পারে সে ব্যাপারে সহযোগিতা প্রচারতরঙ্গে নারীদের প্রবেশাধিকারের মূল ভিত্তি হবে।

বেশি রাতে বা একা চলা-ফেরা করতে অসমর্থ হওয়ার কারণে বাস্তবতার আলোকে নারীদের পক্ষে বেতার তরঙ্গে প্রবেশ কখনো কখনো কঠিন হয়ে পড়ে। নারীরা যেন এ বাধাসমূহ অতিক্রম করতে পারে সে জন্যে উদ্যোগ নিতে হবে যেমন ডায়ামান রেডিও স্টেশনের মাধ্যমে বা পরিবহনের ব্যবস্থা করে অথবা নিরাপত্তা প্রদানের মাধ্যমে। বিশ্বাসহীনতার সমস্যা উত্তরণে নারীদের জন্যে পৃথক কারিগরি প্রশিক্ষণ আয়োজন এবং শুধুমাত্র নারীদের জন্যে আলাদা কর্মদিবস ঘোষণা করা যেতে পারে। যতদিন পর্যন্ত নারীদের সমতা না অর্জিত হয়, ততদিন পর্যন্ত স্টেশনের মধ্যে এবং সম্প্রচারে সবধরনের বৈষম্য নিরসনে, নারীদের অংশগ্রহণে সহায়তা করতে এবং নারীদের সমঅংশগ্রহণে অনুকূল পরিবেশ সৃষ্টি করতে রেডিও স্টেশনের ভেতরে নারী ডেস্ক/বিভাগ স্থাপনের ব্যবস্থা রাখতে হবে।

gender equality in stations. It should be part of station by-laws and ethical policies.

### Section I: Women's access to the airwaves

Women need to have access to the airwaves, in terms of the ability to make their own programmes about political and social issues and entertainment, and also to have programmes that deal with women's issues.

This requires a positive attitude towards training for women, to allowing women space to produce programmes and to ensuring a supportive, secure environment in and around the station. This includes the development of anti-sexual harassment policy to provide protection for women from any form of sexual harassment and molestation, including a complaints mechanism.

Women also have the right to work without fear, so appropriate training in security and self-defence, zero tolerance for violations of women's dignity and helping women deal with threats coming from both inside and outside the station form a key part in allowing women access to the airwaves.

Culturally, it is sometimes difficult for women to access the airwaves, due to inability to travel alone or late at night. Efforts should be made to ensure that women are able to overcome these barriers, for example, through mobile radio stations or through sharing of transport or the provision of escorts. Special technical training for women or women-only days at the station are ways of overcoming problems of confidence. Until women achieve parity, stations should commit to establishing a women's desk within the radio station to support women's participation and to safeguard against all forms of discrimination within the station and on air, and to help in creating an affirmative environment for women's equal participation.

### অনুচ্ছেদ ২ : বেতারতরঙ্গে নারী প্রতিনিধিত্ব

একই বাঁধাধরা ছকে না থেকে যেমন একই পরিবারের মধ্যে সীমাবদ্ধ না থেকে বরং ভিন্ন ভিন্ন ক্ষেত্র থেকে নারী প্রতিনিধিত্ব নিশ্চিত করতে উৎসাহ দিতে হবে।

স্টেশন থেকে সম্প্রচারিত সম্পাদকীয় থেকে শুরু করে বিজ্ঞাপন পর্যন্ত সকল অনুষ্ঠানমালায় জেডার, গৌত্র, শ্রেণী, বর্ণভেদ ব্যতিরেকে সব মানুষের প্রতি সমান মর্যাদা ও সম্মান প্রদর্শন করতে হবে। এর অর্থ হচ্ছে নারী-পুরুষ কারো জন্যেই যেন তা শারীরিকভাবে বা অন্য কোনভাবেই আপত্তিকর না হয়। নারীর ক্ষমতায়ন যেন সকল অনুষ্ঠানে প্রতিফলিত হয়। যাহোক, নারীদের জন্যে বিশেষ অনুষ্ঠানও অবশ্যই থাকতে হবে। একইসাথে নারী সম্প্রচারকারীদের শুধুমাত্র নারী বিষয়ক অনুষ্ঠানসমূহের মধ্যে সীমাবদ্ধ করে রাখাও যাবে না।

বিশেষজ্ঞ মূল্যায়ন এবং মতামত উপস্থাপনে নারীরা গণমাধ্যমে প্রায়ই অবহেলিত হয়ে থাকে। সমাজের প্রত্যেক পর্যায়ে ও ক্ষেত্র থেকে একাধিক উৎস ও মুখপাত্রকে সংবাদ ও অন্যান্য বিশেষ-ষণধর্মী অনুষ্ঠান সমূহে অংশগ্রহণ করাতে হবে। এ প্রক্রিয়াকে সহজতর করতে বিভিন্ন পেশা ও কর্মক্ষেত্রে বিশেষজ্ঞ নারীদের একটি নির্দেশিকা তৈরি করা উচিত যা রেফারেন্স পয়েন্ট হিসেবে ব্যবহৃত হতে পারে।

### অনুচ্ছেদ ৩ : সংখ্যালঘু নারীদের বিশেষ প্রতিনিধিত্ব

নারীদের অভিজ্ঞতার বৈচিত্র্যকে গুরুত্ব দিতে হবে এবং যেসব নারী সরকারী ও বাণিজ্যিক গণমাধ্যম থেকে বিভিন্ন ধরণের বৈষম্য, নির্ধাতন এবং অবহেলার সম্মুখীন হয়েছেন তাদের জন্যে কথা বলার জায়গা করে দিতে হবে। অর্থাৎ প্রতিবন্ধী, সংখ্যালঘু জাতিসত্তা, বর্ণ ও আদিবাসী নারী এবং হিজড়াদের জন্যে বিশেষ ব্যবস্থা থাকতে হবে।

কমিউনিটি রেডিও সম্প্রচারে নারী ও পুরুষের সকল অঙ্গন ও পর্যায়ে থেকে সমান প্রবেশাধিকার নিশ্চিত করতে হবে। বিশেষ করে, সংখ্যালঘু জাতিসত্তার নারীদের অধাধিকার ভিত্তিতে সম্প্রচার সময় দিতে হবে যাতে করে তারা বৈষম্যহীন, নিরাপদ এবং ক্ষমতায়িত পরিবেশে তাদের বিষয়গুলো তুলে ধরতে পারে।

### Section II: Women's representation on air

Encourage the representation of women in their diversity, and do not emphasise stereotyped roles, such as within the family, for women. Ensure that all people, regardless of gender, ethnicity, class, sexual orientation, etc are treated with respect and dignity in all aspects of the content broadcast on the station, whether in editorial content or advertisements aired. This includes ensuring that neither men nor women are objectified, physically or otherwise. Women's perspectives should be represented in all programming. However, special programme must be allotted for women. At the same time women broadcasters should not be confined to these specific women's programs.

Women are often neglected by the media as sources of expertise and expert opinion. Diverse sources, representative of all sectors of society, should be used for news and analysis programmes.

To facilitate this, it may be useful to make a directory of women experts in various fields that can be used as a reference point.

### Section III: The special needs of minority women

The diversity of women's experiences needs to be recognised, and space should be created for women who have faced further forms discrimination, oppression or neglect by commercial and state media. This includes special provisions for including differently abled women, women from minority ethnic, caste or indigenous backgrounds and women from sexual minorities, such as lesbians and transgenders. Ensure that women and people have access to the airwaves in their full diversity. In particular, grant women from minorities airtime to discuss their issues in an empowering, safe and nondiscriminatory environment. The training and capacity



এ ধরনের নারীদের জন্যে দক্ষতা বিকাশ ও প্রশিক্ষণের আয়োজন অনন্য উদ্যোগ হবে এবং এর চাহিদা পূরণে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহকে প্রয়োজনীয় অর্থায়ন করতে হবে।

#### অনুচ্ছেদ ৪ : স্টেশন ব্যবস্থাপনার সকল পর্যায়ে নারী প্রতিনিধিত্ব

সরকারী/ সরকার নিয়ন্ত্রিত এবং বাণিজ্যিক রেডিওসমূহের চেয়ে কমিউনিটি রেডিওতে বিশ্বব্যাপী নারী প্রতিনিধিত্ব বেশি আছে। তবুও নারীরা প্রায়ই বঞ্চিত হন বিশেষ করে সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়া এবং কারিগরি সক্ষমতার ক্ষেত্রে এবং এমনকি বেশ কিছু স্টেশন রয়েছে যেখানে আদৌ কোন কার্যকর নারী প্রতিনিধিত্ব নেই।

কমিউনিটি রেডিও স্টেশনের প্রত্যেক ক্ষেত্রে নারীদের অর্থপূর্ণ প্রতিনিধিত্ব নিশ্চিত করতে স্টেশনের কারিগরি ব্যবস্থাপনা থেকে শুরু করে মালিকানা, প্রশাসনিক, ব্যবস্থাপনা, অনুষ্ঠান ও আর্থিক পরিকল্পনা এবং প্রয়োজনার ক্ষেত্রে নারী অংশগ্রহণের জন্যে নির্দিষ্ট কোটা রাখতে হবে। এসব কিছুই চূড়ান্ত লক্ষ্য হচ্ছে নারী-পুরুষের মধ্যে সমতা বিধান করা কিন্তু নারী প্রতিনিধির জন্যে সাময়িকভাবে কমপক্ষে ৩০% পদ সংরক্ষণ করতে হবে। এ লক্ষ্য অর্জনে, স্টেশনের ভেতরে নারীদের সমতা বিধানে নারীদের সক্ষমতা বৃদ্ধি, তাদের নেতৃত্ব বিকাশ এবং ব্যবস্থাপনা প্রশিক্ষণ এর জন্যে বিনিয়োগ করা জরুরী। শুধুমাত্র স্টেশনের সাথে সম্পৃক্ত নারীদের সংখ্যা দ্বারা নারী অংশগ্রহণ পরিমাপ করা যাবে না। স্টেশনের মালিকানা, সিদ্ধান্ত গ্রহণ এবং প্রয়োজনা পরিষদে অবশ্যই নারী প্রতিনিধিত্ব থাকতে হবে। এগুলোকে এমনভাবে গঠন করতে হবে যেন সাংস্কৃতিকভাবে যথোচিত অনুকূল পরিবেশে নারীরা নীতিগত প্রক্রিয়ায় অর্থপূর্ণভাবে সম্পৃক্ত থাকতে পারে। নিম্নরূপ বিষয়গুলি নারীদের অংশগ্রহণকে সহজতর করে যেমন শিশুর যত্ন নিশ্চিতকরণ, নমনীয় কর্মদিবস ও সময় এবং সম্প্রচার সূচী যা নারীদের অন্যান্য দায়িত্ব পালনের সাথে সঙ্গতিপূর্ণ হয়, সভা ও সম্প্রচার চলাকালে স্টেশনে যথেষ্ট আলো ও নিরাপত্তা, নারীদের স্টেশন থেকে আসা-যাওয়ার জন্যে বিশেষ করে রাতে বা সরকারী ছুটিরদিনে নিরাপদ যানবাহনের ব্যবস্থা করা। প্রশিক্ষণ কক্ষের কমপক্ষে অর্ধেক জায়গা/আসন নারীদের জন্যে সংরক্ষণ করতে হবে।

building of women from these backgrounds and orientations may be unique, and funding should be included to ensure that these needs are met.

#### Section IV: Women's representation at all levels of station management

Community radio has better women's representation than either commercial or government-owned/ public media. However, women are still massively under-represented, particularly in areas of decision-making and technical skills and there are too many stations where there is no effective representation of women.

In order for women to be meaningfully represented at all levels of the community radio station quotas for participation need to be set for ownership, management and production, including women's participation in technical management. The ultimate goal is to reach equality between men and women, but quotas of at least 30% women's representation should be set in the interim. To achieve these quotas, it is important to invest in women's skills, to institute leadership and management training aimed at supporting women achieve parity within the station.

Women's participation cannot be measured by the number of women involved in the station. Women must be represented in the production, ownership and decision-making bodies of the station. These should be constructed to ensure that women are able to engage meaningfully with policy processes, which could include a culturally sensitive supportive environment. There are multiple factors that can help to facilitate women's participation. This includes ensuring child-care, flexible working hours and broadcast schedules that fit women's other responsibilities, adequate lighting and security at the station during meeting and broadcast times, or secure transport for women who have to travel to and from the station. At least half of all training places should be reserved for women.

## অনুচ্ছেদ ৫ : উপযুক্ত প্রযুক্তির ব্যবহার

কিছু নারী তথ্য প্রযুক্তিসমূহ ব্যবহারে বেশ দক্ষ কিন্তু অনেক ক্ষেত্রেই নারীদের প্রযুক্তিগত ব্যবধান রয়েছে এবং অধিকাংশ নারীই তা ব্যবহার করতে পারে না। প্রযুক্তির ব্যবহারে এমনকি প্রচলিত প্রযুক্তি যেমন রেডিও স্টুডিও পরিচালনায় নারীরা প্রায়ই বাদ পড়ে যায়। প্রযুক্তির দিক থেকে বিবেচনায় এই জেডার বৈষম্যকে স্বীকার করতে হবে এবং নারীদের দ্বারা ও নারীদের জন্যেই বিশেষ প্রযুক্তিগত প্রশিক্ষণ আয়োজন এবং তাদের ব্যবহার উপযোগী প্রযুক্তি স্থাপনের মাধ্যমে এর উত্তরণ ঘটাতে হবে।

উপযুক্ত প্রযুক্তির মধ্যে ফ্রি ও ওপেন সোর্স সফটওয়্যার ব্যবহারে অঙ্গীকারাবদ্ধ হওয়া অন্তর্ভুক্ত। এর আওতাভুক্ত হচ্ছে এই যে, এমনভাবে স্টুডিও স্থাপন করতে হবে যেন তা নারীদের জন্যে পরিচালনা করা সহজ হয়। এক্ষেত্রে শারীরিক ভিন্নতার বিষয়টি বিবেচনা করতে হবে যেমন মেয়েরা সাধারণত পুরুষের চেয়ে কিছুটা খাটো হয় এবং এটাও নিশ্চিত করতে হবে যেন প্রতিবন্ধী ব্যক্তিও সহজে স্টুডিও ব্যবহার করতে পারে। এর মধ্যে আরও রয়েছে, প্রশিক্ষণ উপকরণগুলো যেন সবার বোধগম্য হয় যেমন প্রয়োজনে সেগুলোকে স্থানীয় ভাষায় অনুবাদ করে ব্যবহার করতে হবে। আবার সেগুলো যেন অল্পশিক্ষিত নারী-পুরুষও ব্যবহার করতে পারে।

আরও একটি অত্যন্ত প্রয়োজনীয় বিষয় হচ্ছে গবেষণা ও এমন সহায়তা থাকতে হবে যাতে দরিদ্র ও অল্প শিক্ষিত নারী-পুরুষের যোগাযোগ চাহিদা মিটে, কমদামী যন্ত্রপাতি সহজলভ্য করার মাধ্যমে এবং প্রযুক্তিগত উন্নয়নের মাধ্যমে নিশ্চিত করতে হবে যাতে দরিদ্র ও অল্পশিক্ষিত মানুষ ব্যবহার সেগুলো ব্যবহার করতে পারে।

## অনুচ্ছেদ ৬ : নারীদের রেডিও'র জন্যে অর্থায়ন ও দক্ষতা বিকাশ

জেডার সমতা আনয়নে দক্ষতা বিকাশ একটি মৌলিক উপাদান। এটার অর্থ এই নয় যে, রেডিও স্টেশনে যারা কর্মরত শুধু তাদের দক্ষতা বিকাশ করতে হবে, বরং নারী-পুরুষ উভয়েরই দক্ষতা বিকাশ করতে হবে যেন তারা একটি নিরাপদ, সহায়ক ও শেখার পরিবেশ তৈরিতে একসাথে কাজ করতে পারে যেখানে সকলে স্টেশনের সফলতার জন্যে সবক্ষেত্রে তাদের সর্বাত্মক প্রচেষ্টা চালাতে পারে।

## Section V: The use of appropriate technology

While some women are proficient in the use of information technologies, there remains a gendered digital divide and the majorities are not. Women are often excluded from the use of technology, including the use of traditional technology, such as operating a radio studio. It is important to acknowledge this gendered digital divide and overcome it, through both dedicated technical training by and for women and investment in appropriate technology.

Appropriate technology includes a commitment to free and open source software. This includes a studio set up that is easy to operate for women, bearing in mind physical differences, for example women are usually shorter than men, and to ensure that the studio can be used by all, including differently abled people. It also includes ensuring that training materials are accessible, for example through being translated into the local languages and for the non-literate, so that anyone can understand them.

There is also an urgent need to encourage research and support initiatives that help the poor and non-literate meet their communication needs, both through the development of technology that can be used by those who are non-literate, and through making cheaper technology available.

## Section VI: Funding and capacity building for women's radio

Capacity building is a key component for achieving gender parity. This does not only apply to capacity building for women involved in the station, but for both men and women so that they can work together to build a safe, nurturing and supportive environment where all feel able to contribute their best to all aspects of station success.

একই সাথে রেডিও স্টেশনের সাথে জড়িত সকল নারী-পুরুষকে জেডার সংবেদনশীলতা বিষয়ক প্রশিক্ষণ দিতে হবে যেন তারা পিতৃতান্ত্রিক আচরণ এবং বৈষম্যমূলক চরিত্রচিত্রণ চিহ্নিত করতে পারে, জেডার সমতার সম্পর্ক গড়ে তুলতে পারে এবং জেডার নিরপেক্ষ উপস্থাপনার পছা অনুসরণ করতে পারে।

যদিও অনেক রেডিও স্টেশনের নারী-পুরুষ সমতা আনয়নের সদিচ্ছা থাকে, এ উদ্দেশ্যে অর্থায়ন করা এবং নারীদের সক্ষমতা বিকাশের ক্ষেত্রে উদ্যোগ গ্রহণ বিরল। নারী-পুরুষ সমতা আনয়নে নির্দিষ্ট পরিমাণ অর্থ বরাদ্দ রাখতে হবে। এ অর্থ ব্যয় করতে হবে নারীদের প্রযুক্তিগত, অনুষ্ঠান বিষয়ক এবং ব্যবস্থাপনা সম্পর্কিত প্রশিক্ষণে, মেয়েরা যেন স্টেশনে নিরাপদ বোধ করে সেরূপ পরিবেশ তৈরিতে যেমন যথেষ্ট আলো, নিরাপত্তা বিধানের যন্ত্রপাতি স্থাপন বা পৃথক টয়লেট স্থাপন ইত্যাদি এবং উক্ত স্টেশনে সম্পৃক্ত মেয়েদের নেটওয়ার্কিং স্থাপনে।

কাঠামোগত দিক থেকে বিবেচনা করলে স্টাফ, উপদেষ্টা পরিষদ বা ব্যবস্থাপনা কমিটিতে একজন নারী বিষয়ক কর্মকর্তা নিয়োগ দেয়া গুরুত্বপূর্ণ যিনি স্টেশনের চাহিদা নিরূপণ করতে পারেন এবং নারী ডেস্কের মাধ্যমে জেডার সমতা আনয়নে কর্মসূচী বাস্তবায়ন করতে পারে।

At the same time gender sensitivity training should be conducted for all participants at the radio station to enable men and women to recognise patriarchal behaviour and discriminatory portrayals and be able to develop egalitarian gender relations and nondiscriminatory and gender fair ways of reporting.

While many stations have good intentions to achieve gender parity, rarely is funding or capacity building dedicated to this goal. Specific funds and money should be set aside to achieve gender parity. These funds should be used to train women with technical, programming and management skills, to invest in achieving conditions in the station that enable women to feel secure (such as lighting or security equipment) and to provide networking opportunities for women involved in the station.

From a structural point of view, it may be vital to have a women's officer on the staff, advisory board or management committee who can assess the needs of the station and implement programmes to help achieve gender parity, such as through a women's desk.





Bangladesh NGOs Network for Radio and Communication  
House 13/1, Road 2, Shamoli, Dhaka 1207, Bangladesh  
Tel: +88 02 9130750, 9138501,  
Fax: +88 02 9138501- 105, Email: [ceo@bnnrc.net](mailto:ceo@bnnrc.net)  
**[www.bnnrc.net](http://www.bnnrc.net)**